যুগান্তর

প্রিন্ট: ১২ ফেব্রুয়ারি ২০২৫, ১০:১৫ এএম

শিক্ষাঙ্গন

# ‘রংপুর বিশ্ববিদ্যালয়’ নাম বহালের দাবিতে আন্দোলন ছাত্রদের

রংপুর ব্যুরো

প্রকাশ: ১০ ফেব্রুয়ারি ২০২৫, ১১:০২ পিএম



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) পূর্বের নাম ‘রংপুর বিশ্ববিদ্যালয়’ বহালের দাবি জানিয়েছে রংপুর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা। সেই সঙ্গে তারা সাতদিনের মধ্যে দাবি মানার সময়সীমা বেঁধে দিয়েছে।

সোমবার বেরোবি ক্যাম্পসে সংবাদ সম্মেলনের মধ্যদিয়ে এ ঘোষণা দেওয়া হয়।

দুপুরে রোকেয়া বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে সংবাদ সম্মেলন করেন সংগঠনের নেতাকর্মীরা।

এ সময় উপস্থিত ছিলেন রোকেয়া বিশ্ববিদ্যালয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক শামসুর রহমান সুমন ও সংগঠক রহম আলী, আরমান হোসেন, সাকিব মিয়া, আহসান হাবিব রকি, মেহেদী হাসান প্রমুখ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে সমন্বয়ক শামসুর রহমান সুমন বলেন, ‘২০০৮ সালে তত্ত্বাবধায়ক সরকারের আমলে ‘রংপুর বিশ্ববিদ্যালয়’ নামে যাত্রা শুরু হয় বর্তমান বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের। কিন্তু তৎকালীন ফ্যাসিস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের জন্য নামফলক ও নিজেকে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা দাবি করতে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যে বিশ্ববিদ্যালের নাম পরিবর্তন করেন। পূর্বেও এর নাম বদল করে রাখা হয় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়। তাই আমরা কোনো রাজনৈতিক প্রতিহিংসার কারণে নয়, আমরা এই বিশ্ববিদ্যালয়ের পূর্বের নাম বহাল রাখার দাবি করছি। এছাড়া রংপুরে একই নামে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের নাম রয়েছে। তাই অনেকে এই নাম নিয়ে বিভ্রান্তিতে পড়েন। তারও অবসান হবে।

এ ব্যাপারে ভিসি ড. এম শওকাত আলী জানান, শিক্ষার্থী, শিক্ষক, কর্মকতা, কর্মচারী এবং রংপুরবাসীর দাবি প্রতিষ্ঠাকালীন রংপুর বিশ্ববিদ্যালয় পুনর্বহাল করা হোক। বিষয়টি আমি শিক্ষা উপদেষ্টা ও সরকারের সব মহলে জানিয়েছি। আশা করি সরকার সঠিক সিদ্ধান্তটি নেবে।